

ফরিদ আহাম্মদ
প্রধান নির্বাহী কর্মকর্তা
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

ফরিদ আহাম্মদ ০৯ মে, ২০২১ তারিখে প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এর দায়িত্বভার গ্রহণ করেন। তিনি বিসিএস প্রশাসন ক্যাডারের ১১তম ব্যাচ এর সদস্য ও সরকারের একজন অতিরিক্ত সচিব। সিভিল সার্ভিসে তিনি ২৮ বছর এর অধিক সময় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সচিবালয় এবং মাঠ প্রশাসনের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অতিরিক্ত সচিব, যুগ্মসচিব, উপসচিব, জেলা প্রশাসক, অতিরিক্ত জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসার, জেলা দুর্নীতি দমন অফিসার, ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, রাজামাটি পার্বত্য জেলা পরিষদ চেয়ারম্যানের একান্ত সচিব, সহকারী কমিশনার (ভূমি) এবং সহকারী কমিশনার ও ১ম শ্রেণীর ম্যাজিস্ট্রেট হিসেবে দায়িত্ব পালন করেন।

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনে যোগদানের পূর্বে তিনি সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের মহাপরিচালক হিসেবে প্রায় ৩ বছর ১ মাস দায়িত্ব পালন করেন। তদুপরি তিনি প্রায় আড়াই বৎসর প্রধানমন্ত্রীর কার্যালয়ের পরিচালক হিসেবে কর্মরত ছিলেন। এর পূর্বে তিনি অর্থনৈতিক সম্পর্ক বিভাগের উপসচিব, ময়মনসিংহ জেলার অতিরিক্ত জেলা প্রশাসক, গাইবান্ধা জেলার সাদুল্যাপুর উপজেলায় উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি) হিসেবে দায়িত্ব পালন করেন।

তিনি মে, ২০১২ হতে জুন, ২০১৫ সাল পর্যন্ত ৩ বৎসর এর অধিক সময় পর্যন্ত রংপুর জেলার জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট হিসেবে দায়িত্ব পালন করেন। এ সময়কালে সৃজনশীল ও উদ্ভাবনী কাজের মাধ্যমে জনসেবায় বিশেষ অবদানের জন্য তিনি ২০১৬ সালে জনপ্রশাসন পদকে ভূষিত হন। এছাড়া স্কাউটস আন্দোলনে বিশেষ অবদানের জন্য মেডেল অব মেরিট পদক প্রাপ্ত হন।

তিনি নরসিংদী জেলার সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্ম গ্রহণ করেন। তিনি দুই পুত্র সন্তানের জনক। বড় সন্তান বুয়েটে সিএসই ৩য় বর্ষে অধ্যয়নরত এবং ছোট সন্তান আদমজী ক্যান্টনমেন্ট কলেজে ১ম বর্ষে অধ্যয়নরত। তাঁর সহধর্মিনী একজন ডিপ্লোমা আর্কিটেক্ট ও বিএসসি সিভিল ইঞ্জিনিয়ার এবং কবি ও উপন্যাসিক। তিনি বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় হতে কৃষিতে ১ম শ্রেণীর সম্মান এবং স্নাতকোত্তর, কৃষি শিক্ষা প্রতিষ্ঠান, গাজীপুর হতে এনটোমোলজিতে ১ম শ্রেণীতে এমএস ডিগ্রী অর্জন করেন। পরবর্তীতে ইউরোপিয়ান ইউনিভার্সিটি থেকে ১ম শ্রেণীতে এম,বি,এ (ফাইন্যান্স) ডিগ্রি অর্জন করেন।

তিনি যুক্তরাষ্ট্রের ডিউক বিশ্ববিদ্যালয়ে লিডারশিপ কোর্স, যুক্তরাজ্যের ওলভার হাম্পটন বিশ্ববিদ্যালয়ে সুপারম্যাট, অস্ট্রেলিয়ার ম্যাককুয়ার বিশ্ববিদ্যালয়ে এসডিজি বিষয়ক প্রশিক্ষণসহ সিঙ্গাপুর সিভিল সার্ভিস একাডেমি, ভিয়েতনামের ন্যাশনাল একাডেমি ফর পাবলিক এডমিনিস্ট্রেশন, ভারতের এনআইআইটিতে বিশেষায়িত প্রশিক্ষণ গ্রহণ করেন।

আন্তর্জাতিক সম্মেলন, সরকারি ডেলিগেশন, সেমিনার, প্রশিক্ষণ ও কর্মশালায় অংশগ্রহণসহ তিনি সরকারি দায়িত্বপালনের অংশ হিসেবে যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, জার্মানী, পোল্যান্ড, চেক প্রজাতন্ত্র, গ্রীস, অস্ট্রিয়া, অস্ট্রেলিয়া, সিঙ্গাপুর, মালয়েশিয়া, ভিয়েতনাম, সংযুক্ত আরব আমিরাত, কাতার, সৌদিআরব, থাইল্যান্ড, মালদ্বীপ, মায়ানমারসহ বিভিন্ন সময়ে ৩২টি দেশ ভ্রমণ করেন।